[redacted]

[redacted]

তদন্তের অংশ হিসেবে ৩০ নভেম্বর রাতে হোটেল আটলান্টিকায় অভিযান চালিয়ে অর্থ আদায় চক্রের হোতা মেহেরপুর শহরের অভিজাত হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার, মতিয়ারের ছেলে মামুন ও ছন্দা খাতুন নামের এক নারীকে গ্রেফতার করে পুলিশ। পরে ছন্দা খাতুন আদালতে জবানবন্দিতে চক্রের মূল হোতা হিসেবে চার সাংবাদিক ও এক আইনজীবীকে অভিযুক্ত করে আদালতে জবানবন্দি প্রদান করে।

এ নিয়ে গত ১ ডিসেম্বর মেহেরপুর প্রতিদিনে প্রধান শিরোনামে সংবাদ প্রকাশ হলে মেহেরপুরসহ আশেপাশের জেলাগুলোতে তোলপাড় ফেলে দেয়। এই মামলায় ইতোমধ্যে চার সাংবাদিকের মধ্যে মিজানুর রহমান জনিকে শোন এ্যারেস্ট দেখানো হয়েছে। তিনি মেহেরপুরে জেলা কারাগারে হাজত বাস করছেন। এছাড়াও হোটেল আটলান্টিকা কাণ্ড মামলায় শাহজাহান আলীকে দিয়ে পুলিশের কাছে গ্রেফতার হয়ে এ পর্যন্ত ৮ আসামি কারাগারে হাজত বাস করছেন। জবানবন্দিতে অভিযুক্ত বেশ কিছু আসামি পলাতকও রয়েছে।

সরকারি চাকরিতে সাড়ে তিন লাখের বেশি পদ খালি: জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর ও অফিসে বেসামরিক জনবলের ৩ লাখ ৫৮ হাজার ১২৫টি পদ শূন্য রয়েছে।

বুধবার সংসদে প্রশ্নোত্তরে এ তথ্য জানান তিনি। স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে চলমান অধিবেশনে প্রশ্নোত্তর টেবিলে উপস্থাপিত হয়।

কাজিম উদ্দিন আহম্মেদ এমপির প্রশ্নের জবাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী জানান, জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সর্বশেষ প্রকাশিত স্ট্যাটিসটিকস অব সিভিল অফিসার্স অ্যান্ড স্টাফস-২০২১ এর (২০২২ সালের জুনে প্রকাশিত) তথ্য অনুযায়ী- সরকারের অধীনে বিভিন্ন

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর ও সরকারি কার্যলয় সমূহে বেসামরিক জনবলের মোট শূন্য পদ ৩ লাখ ৫৮ হাজার ১২৫টি।

এর মধ্যে প্রথম শ্রেণির ৪৩ হাজার ৩৩৬টি, দ্বিতীয় শ্রেণির ৪০ হাজার ৫৬১, তৃতীয় শ্রেণির ১ লাখ ৫১ হাজার ৫৪৮ এবং চতুর্থ শ্রেণি পদে শূন্য পদ ১ লাখ ২২ হাজার ৬৮০টি।

তিনি আরও জানান, সরকারি অফিসগুলোর শূন্য পদের নিয়োগ চলমান প্রক্রিয়া।

জাতীয় পার্টির এমপি মুজিবুল হক চুন্নুর প্রশ্নের জবাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী জানান, ৪০তম বিসিএসের নন-ক্যাডার পদে ৫ হাজার ৪৩৬টি শূন্য পদের চাহিদাপত্র পাওয়া গেছে। এগুলো যাচাই-বাছাই শেষে প্রকৃত সুপারিশযোগ্য শূন্য পদের সংখ্যা জানানো সম্ভব হবে।

সংরক্ষিত মহিলা আসনের এমপি শামসুন নাহারের প্রশ্নের জবাবে ফরহাদ হোসেন বলেন, স্ট্যাটিসটিকস অব সিভিল অফিসার্স অ্যান্ড স্টাফস-২০২১ প্রতিবেদন অনুযায়ী দেশের সরকারি চাকরিজীবীর সংখ্যা ১৫ লাখ ৫৪ হাজার ৯২৭ জন। এর মধ্যে নারী ৪ লাখ ৪ হাজার ৫৯১ জন, যা মোট চাকরিজীবীর প্রায় ২৬ শতাংশ। ২০১০ সালে এ হার ছিল ২১ শতাংশ।

তিনি আরও জানান, প্রথম শ্রেণির পদে নারীদের জন্য আলাদা কোটা না থাকলেও ১৩ থেকে ২০তম গ্রেডে নিয়োগে নারীদের জন্য ১৫ শতাংশ কোটা সংরক্ষণ করা আছে।

সূত্র: যুগান্তর

গাংনী উপজেলা মডেল মসজিদের উদ্বোধন

২য় ধাপে সারা দেশের ৫০ টি মডেল মসজিদ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সোমবার (১৬ জানুয়ারী) বেলা ১১ টার দিকে প্রধান অতিথি হিসেবে

ভার্চুয়ালী উপস্থিত থেকে তিনি এ মসজিদগুলো উদ্বোধন করেন।

গাংনী উপজেলা মডেল মসজিদে থাকছে নামাজ পড়ার পাশাপাশি ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, হেফজখানা, অডিটরিয়াম, মৃত ব্যাক্তির গোসলের স্থানসহ নানা সুবিধা। আলেম ওলামাদের ইসলামী জ্ঞান চর্চার সুবিধাও রয়েছে সেখানে। মেহেরপুরের গাংনী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক ও স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃধা মো: মোজাহিদুল ইসলাম, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহাফুজুর রহমান, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী, বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কোমল, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ। উদ্বোধনী অনুষ্ঠান শেষে মসজিদ প্রাঙ্গনে দেশ ও জাতির কল্যাণে দোয়া মোনাজাত পরিচালনা করেন উপজেলা জামে মসজিদের পেশ ইমাম ইলিয়াস হোসেন। গাংনী উপজেলা মডেল মসজিদ তৈরীতে ব্যায় হয়েছে ১৩ কোটি ১৬ লক্ষ ৪৫ হাজার টাকা।

আর হবে না জেএসসি-জেডিসি পরীক্ষা

জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুযায়ী পাবলিক/বোর্ড পরীক্ষা গ্রহণের ব্যবস্থা না থাকায় জেএসসি ও জেডিসি পরীক্ষা বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সোমবার (১৬ জানুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপ-সচিব আক্তার উননেছা শিউলী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। ২০২৩ এবং তার পরে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা বাদ দেওয়ার সুপারিশ প্রধানমন্ত্রী বরাবর পাঠানো হলে তার অনুমোদন দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুযায়ী জেএসসি ও জেডিসি পাবলিক/বোর্ড পরীক্ষা গ্রহণের ব্যবস্থা রাখা হয়নি বিধায় ২০২২ ও ২০২৩ এবং পরবর্তীতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা বাদ দেওয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। প্রধানমন্ত্রী উপরিউক্ত প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন।

বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো, বলেও এতে উল্লেখ করা হয়।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরের দুইটি মডেল মসজিদের উদ্বোধন

সারা দেশের ন্যায় মেহেরপুরে দুটি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে এর উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর ইসলামীক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভু রাম পাল, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিউজা উজ জান্নাহ, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ ওবায়দুল্লাহ, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা মোঃ আনিসুজ্জামান ও বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহ্বায়ক হাসানুজ্জামান মালেক।

এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা, রাজনৈতিক ও সামাজিক সংগঠন, ব্যবসায়ি এবং বিভিন্ন মসজিদের ইমামগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের দুটি মডেল মসজিদের উদ্বোধন আজ

২৭ কোটি টাকা ব্যায়ে মেহেরপুর জেলায় নির্মাণ করা হয়েছে ২টি দৃষ্টি নন্দন মডেল মসজিদ। আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত সুবিশাল এসব মডেল মসজিদ হবে নামাজ আদায়ের পাশাপাশি গবেষণা, ইসলামি সংস্কৃতি ও জ্ঞান চর্চার কেন্দ্র। ইতোমধ্যে মেহেরপুর জেলা শহরের কোর্ট এলাকায় একটি ও গাংনী উপজেলা শহরে একটির কাজ শেষ হয়েছে।

আজ সোমবার সকাল দশটার সময় গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত থেকে মেহেরপুর জেলার দুটিসহ সারা দেশের ৫০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতি কেন্দ্রের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধন উপলক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ইতোমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে।

দেশের প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে দৃষ্টিনন্দন মডেল মসজিদ ও ইসলামিক সংস্কৃতি কেন্দ্র নির্মাণ করছেন। সরকার একসঙ্গে ৫৬০টি মসজিদ নির্মাণ করছে। ৪০ শতাংশ জমির উপর জেলায় ৪ তলা ও উপজেলা পর্যায়ে ৩ তলা মডেল মসজিদ ও ইসলামিক সংস্কৃতি কেন্দ্র নির্মাণ করা হচ্ছে।

জেলা পর্যায়ে ১৫ ও উপজেলা পর্যায়ে প্রায় ১৪ কোটি টাকা ব্যায়ে এসব মডেল মসজিদ নির্মান করা হচ্ছে। প্রতিটা মসজিদে কমবেশি ১ হাজার মুসল্লি নামাজ আদায় করতে পারবেন।

আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত সুবিশাল এসব মডেল মসজিদগুলোতে দ্বীনি দাওয়া কার্যক্রম ও ইসলামী সংস্কৃতি চর্চার পাশাপাশি মাদক, সন্ত্রাস, যৌতুক, নারীর প্রতি সহিংসতাসহ বিভিন্ন সামাজিক ব্যাধি রোধে সচেতনতা কার্যক্রম পরিচালনা করা হবে। মডেল মসজিদগুলো শুধু নামাজ পড়ার মধ্যে সীমাবদ্ধ থাকবে না। এখানে ইসলামী সংস্কৃতি চর্চার পাশাপাশি জ্ঞান অর্জন ও গবেষণার পাশাপাশি প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। মডেল মসজিদ গুলো চালু হলে মুসল্লির সংখ্যা বাড়ার পাশপাশি প্রকৃত ধর্মীয় চার্চার কেন্দ্র গড়ে উঠবে। এদিকে মডেল সমজিদ দেখতে প্রতিদিনই ভিড় করছে দর্শনার্থীরা।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন,মডেল মসজিদ নির্মাণ করায় তারা খুশি। সামাজিক অবক্ষয় ও অন্যায়-কুসংস্কারের বিরুদ্ধে মানুষকে সচেতন করতে মসজিদগুলো সবচেয়ে বেশি অবদান রাখতে পারবে। মডেল মসজিদ চালু হলে মানুষ নামাজ আদায়ের পাশাপাশি বিশুদ্ধ ভাবে আল কোরআন

শরীফ শিখতে পারবে।
পূর্ণ অবদান রাখবে।
গাংনী মডেল মসজিদের পেশ ইমাম মাওলানা ইলিয়াস হোসেন বলেন,দৃষ্টি নন্দন মডেল মসজিদে মুসল্লির সংখ্যা বাড়ার পাশাপাশি সাংস্কৃতির বিকাশ ঘটবে। বেশি বেশি ধর্ম চর্চার সুযোগ পাবে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ধর্ম মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরিদুল হক খান এমপি। এদিকে উদ্বোধনী অনুষ্ঠান সফল করতে মেহেরপুর জেলা ও গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। মেহেরপুর জেলা প্রশাসক ও উপজেলা পরিষদ সভা কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে জনপ্রতিনিধি সরকারি কর্মকর্তা সহ বিভিন্ন শ্রেণীর পেশার মানুষ উপস্থিত থাকবেন।

আখেরি মোনাজাতের মাধ্যমে শেষ হলো ইজতেমার প্রথম পর্ব

তুরাগ নদের তীরে কাঙ্খিত আখেরি মোনাজাতের মাধ্যমে শেষ হলো ইজতেমার প্রথম পর্ব। আখেরি মোনাজাতে অংশ নেন লাখো মুসল্লি।

রোববার সকাল ১০টার দিকে আখেরি মোনাজাত শুরু হয়। প্রায় ২০ মিনিটের মোনাজাতের মধ্য দিয়ে বিশ্ব ইজতেমার প্রথম পর্বের সমাপ্তি ঘটে।

বাদ ফজর বাংলাদেশের মাওলানা রবিউল হকের বয়ানের মধ্য দিয়ে আজ ইজতেমা ময়দানের কার্যক্রম শুরু হয়।

কাঙ্খিত আখেরি মোনাজাত পরিচালনা করেন কাকরাইল জামে মসজিদের খতিব

হাফেজ মাওলানা মুহাম্মদ জুবায়ের।

সমগ্র বিশ্বের মুসলমানদের নিরাপত্তা, ঐক্য, মুক্তি এবং ইহ ও পারলৌকিক কল্যাণ কামনা করে আল্লাহর কাছে কাকুতি মিনতি জানানো হয়।

এদিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের টঙ্গী, চেরাগ আলী, টঙ্গী-কালীগঞ্জ সড়কের আমতলী কেরানিরটেক, টঙ্গী-কামারপাড়া রোডসহ চারপাশের অলিগলি, বহুতল ভবন, ভবনের ছাদ, ময়দানের চারপাশে হুগলা-পাটি বিছিয়ে অবস্থান নিয়েছেন। ইতোমধ্যে ময়দানের চারপাশে নির্মিত বহুতল টয়লেটগুলোতে আগে থেকেই মুসল্লিরা অবস্থান নিয়ে মোনাজাতে অংশ নেন।

প্রসঙ্গত, তাবলিগ জামাতের বিরোধের কারণে এবারও বিশ্ব ইজতেমা দুই পর্বে অনুষ্ঠিত হচ্ছে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মাওলানা জুবায়েরের অনুসারীরা আখেরি মোনাজাতের মাধ্যমে ইজতেমার প্রথম পর্ব শেষ করেন রোববার। আর দিল্লির মাওলানা সাদ কান্ধলভীর অনুসারীরা ইজতেমা পালন করবেন জানুয়ারির ২০, ২১ ও ২২ তারিখে।

সূত্র: যুগান্তর

মেহেরপুরে অনলাইন জুয়া মামলার আসামি হেলাল গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুরে অভিযান চালিয়ে অনলাইন জুয়া মামলার এজাহারনামীয় আসামি মো: হেলালকে গ্রেফতার করেছে মুজিনগর থানা পুলিশ।

বুধবার রাতে মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একটি টিম মহাজনপুর গ্রামের মাঠপাড়ার খয়রদ্দিনের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। মো: হেলাল মহাজনপুর গ্রামের মো: জাকের আলীর ছেলে।
পরে গতকাল বৃহস্পতিবার বিকালে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো

হয়েছে।

মামলার এজাহারে জানা গেছে, মেহেরপুর জেলায় এক শ্রেণীর অসাধু লোক অনলাইন জুয়া IxBet, Lincbet, Melbet, Bet Winner, Walmart এর সাব-এজেন্ট হিসেবে কাজ করিতেছে এবং অনলাইন জুয়া x Bet, Linchet Melbet, Bet Winner Ges Walmart

পরিচালিত অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ/নগন/রকেট/উপায় এর কতিপয় অসাধু সেলস রিপ্রেজেন্টেটিভ এর জোগসাজোশে অবৈধ ই-ট্রানজেকশন করছে। অনলাইন জুয়া IxBet, Linchet, Melbet, Bet Winner G Walmart সহ বিভিন্ন অনলাইন জুয়ার সাইটের সাব এজেন্টরা ভূয়া তথ্য দিয়ে বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের নাম ব্যবহার করে অনলাইল মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ/নগদ /রকেট/উপায় এর কতিপয় অসাধু সেল রিপ্রেজেন্টেটিভ এর মাধ্যমে ব্যবসয়িক এজেন্ট সিম নিবন্ধন করে করছে।
গত ২০ অক্টোবর মাহফুজুর রহমান জয়, আক্তারুজ্জামান আক্তার, তরিকুল ইসলাম, রুবেল হোসেন কে গ্রেফতার করেন। গ্রেফতারকালে তাহাদের নিকট থেকে আলামত হিসেবে ৭টি মোবাইল ফোন, অনলাইন জুয়ার লেনদেনের ৫০ হাজার টাকা, ২৩টি বিভিন্ন কোম্পানীর সিমকার্ড যাহার মধ্যে ২ টি এজেন্ট সিমকার্ড, অনলাইন জুয়া 1xbet এর ০১ (এক) টি চ্যানেল, অনলাইন জুয়া bet winner এর ০৪ (চার) টি চ্যানেল উদ্ধার করেন। এছাড়া গত ১৩ নভেম্বর মোঃ সাইদুর ইসলাম, সুমন খন্দকার, রফিকুল ইসলাম গ্রেফতার করে তাদের নিকট থেকে অনলাইন জুয়ার আলামত হিসেবে ৫টি মোবাইল ফোন, ৯ টি বিভিন্ন কোম্পানীর সিমকার্ড যার মধ্যে ১টি এজেন্ট সিমকার্ড, অনলাইন জুয়া 1xbet এর ১ টি চ্যানেল উদ্ধার করা হয়। ওই মামলার এজাহারনামীয় আসামি মো: হেলাল।

মেহেরপুর সীমান্ত এলাকা থেকে ৫৮ লাখ টাকার ইউএস ডলার ও

বাংলাদেশী টাকাসহ এক পাচারকারী আটক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা সীমান্ত এলাকা দিয়ে ইউএস ডলার পাচার করার সময় ৩৮ হাজার ইউএস ডলার, ১৭ লাখ বাংলাদেশী টাকা ও একটি মোটরসাইকেলসহ রুবেল নামের এক পাচারকারীকে আটক করেছে বিজিবি।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় বুড়িপোতা সীমান্ত ফাঁড়ীর কমান্ডার নায়েব সুবেদার মোঃ তৌহিদুজ্জামান এর নেতৃত্বে বিশেষ টহলগোপন সংবাদের ভিত্তিতে সীমান্ত পিলার ১১৬ হতে ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে খালপাড়া নামক স্থানে চালিয়ে তাকে আটক করে। আটক রুবেল সদর উপজেলার খালপাড়ার চাঁদ আলীর ছেলে।

এসময় তার কাছে থাকা ব্যাগের মধ্যে ৪ ব্যান্ডেলে ১০০ ইউএস ডলার মানের ৩৮০টি নোট, যার মূল্য ৪০ লাখ ৬৬ হাজার (বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ১২ জানুয়ারি ২০২৩ তারিখে প্রকাশিত ০১ ইউএস ডলার সমান বাংলাদেশী ১০৭ টাকা মূল্য অনুযায়ী), বাংলাদেশী নগদ ১৭ লাখ টাকা এবং ১টি মোটর সাইকেল আটক করতে সক্ষম হয়। যার সর্বমোট সিজার মূল্য ৫৮ লাখ ৬৬ হাজার টাকা।

বিজিবির চুয়াডাঙ্গা ব্যটালিয়ন অধিনায়ক শাহ মো: ইসতিয়াক পিএসসি জানান, মেহেরপুরের বুড়িপোতা সীমন্ত পিলার ১১৬ হতে ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে খালপাড়া নামক স্থানে ইউএস ডলার পাচার করছে এমন খবরের ভিত্তিতে বিজিবি একটি বিশেষ দল সেখানে অবস্থা নেয়। সকাল আনুমানিক ১১টার দিকে দেখতে পায় একজন অজ্ঞাত ব্যক্তি মোটর সাইকেলে একটি ব্যাগ বহন করে ভারতের দিকে গমণ করছে। বিজিবি টহল দল তাকে চ্যালেঞ্জ করলে ওই ব্যক্তি মোটর সাইকেলযোগে দ্রুত পালিয়ে যাওয়ার চেষ্টা করলে টহলদল তাকে আটক করে। পরে তার কাছে থাকা ব্যাগ তল্লাশি করে ইউএস ডলার ও বাংলাদেশী টাকা পাওয়া যায়।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করে আসামীকে থানায় হস্তান্তর করা হয়েছে এবং ইউএস ডলার ও বাংলাদেশী নগদ টাকা মেহেরপুর ট্রেজারী অফিসে জমা করা হয়েছে বলে তিনি জানান।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়সহ দুটি বিশ্ববিদ্যালয় বিল সংসদে উপস্থান

মেহেরপুরের মুজিবনগর বিশ্ববিদ্যালয় এবং নওগাঁয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নতুন দুটি বিশ্ববিদ্যালয় স্থাপনে আলাদা দুটি বিল গত মঙ্গলবার জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে।

মঙ্গলবার শিক্ষামন্ত্রী দীপু মনি ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ বিল–২০২৩’ এবং ‘মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর বিল–২০২৩’ আলাদাভাবে জাতীয় সংসদে তোলেন। পরে বিল দুটি পরীক্ষা করে প্রতিবেদন দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়।
বিল দুটিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আদেশ ১৯৭৩ এর বিধান পরিপালন করতে হবে। রাষ্ট্রপতি হবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য। আচার্য নির্ধারিত শর্তে স্বনামধন্য একজন শিক্ষাবিদকে ৪ বছরের জন্য উপাচার্য পদে নিয়োগ করবেন।

তবে উপাচার্য হিসেবে কেউ দুই মেয়াদের বেশি সময়ের জন্য নিয়োগ পাবেন না। আচার্য যে কোনো সময় উপাচার্যের নিয়োগ বাতিল করতে পারবেন।

বিলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের চাকরির শর্তাবলী নির্ধারণ করে দেয়া হয়েছে। এতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের কোনো বেতনভোগী শিক্ষক ও কর্মচারী সংসদ সদস্য বা স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী হতে চাইলে, মনোনয়নপত্র দাখিলের আগে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে ইস্তফা দেবেন।

বিল দুটির উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতিতে শিক্ষামন্ত্রী বলেন, উচ্চ শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সঙ্গে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা ও গবেষণা, বিশেষ করে বিভিন্ন ক্ষেত্রে আধুনিক জ্ঞানচর্চা ও পঠন–পাঠনের